তারিখ AUG. 8 1999
পৃষ্ঠা 8 কলাম 6

দৈনিক ইত্তেফাক

66

# প্রাথমিক শিক্ষিকাদের বদলির স্থগিতাদেশ প্রত্যাহারের আবেদন

আমি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের একজন শিক্ষিকা। তিন বৎসর পূর্বে পার্শ্ববতী জেলা ফরিদপুরে আমার বিবাহ হইয়াছে। বিবাহের পরই স্বামীর স্থায়ী ঠিকানায় বদলি হইবার চেষ্টা করিয়াছি। কিন্তু বদলি হইতে পারি নাই। ফলে বর্তমানে আমার পারিবারিক জীবনে চরম অশান্তি দেখা দিয়াছে। না পারিতেছি স্বামীর সংসার ত্যাগ করিতে, না পারিতেছি চাকুরী ছাড়িতে। শিক্ষিকাদের অনেকেই অবিবাহিত অবস্থায় পিতার স্থায়ী ঠিকানায় নিয়োগ লাভ করিতেছেন। চাকুরী লাভের পর সবারই নিজ থানায় বিবাহ হইবে, এমন আশা করা যায় না। তাই সরকারী প্রাথমিক বিদ্যালয়ের বিবাহিত শিক্ষিকাদের বদলি সংক্রান্ত নীতিমালা সংশোধন হওয়া প্রয়োজন। এমতাবস্থায়, অনতিবিলম্বে বদলির স্থগিতাদেশ প্রত্যাহার করিবার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আকুল আবেদন জানাইতেছি।

নীলিমা সাহা,
সহকারী শিক্ষিকা,
মাচ রং সরকারী প্রাথমিক বিদ্যালয়,
উপজেলা ঃ রাজৈর,
জেলা ঃ মাদারীপুর